

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”



বাংলাদেশ

গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুন ১৫, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখঃ ১৩ জ্যৈষ্ঠ, ১৪২৮ বঙ্গাব্দ/২৭ মে, ২০২১ খ্রিস্টাব্দ।

এস,আর, ও, নং ১৩৯- আইন/ আয়কর / ২০২১।—যেহেতু Income Tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর অধীন আয়ের উপর দ্বৈত করারোপণ পরিহার এবং রাজস্ব ফাঁকি প্রতিরোধের উদ্দেশ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও রাজকীয় মরক্কো সরকারের মধ্যে ২৮ ফেব্রুয়ারি, ২০১৮ খ্রিস্টাব্দ তারিখে নিম্ন তফসিলে বর্ণিত চুক্তি (বাংলা পাঠ ও ইংরেজি পাঠ) স্বাক্ষরিত হইয়াছে; এবং

যেহেতু উক্ত চুক্তির Article 29 এর উদ্দেশ্য পূরণকল্পে এবং উক্ত Ordinance এর Section 144 এর বিধান অনুসারে উক্ত চুক্তির বিধানাবলি বাংলাদেশে কার্যকর করা প্রয়োজন;

সেহেতু উক্ত Ordinance এর Section 144 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার এতদ্বারা বিধান করিল যে, নিম্ন তফসিলে বর্ণিত উক্ত চুক্তির (বাংলা পাঠ ও ইংরেজি পাঠ) বিধানাবলি ১ জুলাই, ২০২১ খ্রিস্টাব্দ তারিখ হইতে বাংলাদেশে কার্যকর হইবে, যথাঃ—

(৯০১১)

মূল্য : টাকা ৪০.০০

তফসিল
চুক্তি
(বাংলা পাঠ)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ

এবং

রাজকীয় মরক্কো

এর মধ্যে

আয়করের উপর দ্বৈত করারোপণ পরিহার এবং
রাজস্ব ফাঁকি প্রতিরোধের জন্য সম্পাদিত কনভেনশন

অর্থনৈতিক সম্পর্ক উন্নয়ন ও সুসংহত করিবার অভিপ্রায়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এবং রাজকীয় মরক্কো সরকার আয়করের উপর দ্বৈত করারোপণ পরিহার এবং রাজস্ব ফাঁকি প্রতিরোধের জন্য নিম্নরূপ চুক্তি সম্পাদন করিতে সম্মত হইয়াছেঃ

অনুচ্ছেদ ১

চুক্তির আওতাভুক্ত ব্যক্তিবর্গ

চুক্তি সম্পাদনকারী এক অথবা উভয় রাষ্ট্রের নিবাসীদের ক্ষেত্রে এই চুক্তি প্রযোজ্য হইবে।

অনুচ্ছেদ ২

চুক্তির আওতাভুক্ত করসমূহ

১। চুক্তি সম্পাদনকারী কোন রাষ্ট্র কর্তৃক বা উহার রাজনৈতিক বিভাগসমূহ বা স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত আয়কর, উহা যেভাবেই ধার্য হউক না উহার ক্ষেত্রে এই চুক্তি প্রযোজ্য হইবে।

২। আয়কর বলিতে মোট আয়ের উপর আরোপিত সকল কর, অথবা স্থাবর ও অস্থাবর সম্পত্তি হস্তান্তর হইতে উদ্ভূত আয়, কোন উদ্যোগ হইতে পরিশোধিত মজুরি বা বেতন এবং মূলধনী মুনাফাসহ আয়ের যে কোন অংশের উপর আয়কর বুঝাইবে।

৩। এই চুক্তি নিম্নবর্ণিত সকল করের ক্ষেত্রে প্রযোজ্য হইবে, যথা :

(ক) বাংলাদেশের ক্ষেত্রে :

আয়কর

(অতঃপর “বাংলাদেশ কর” বলিয়া উল্লিখিত); এবং

(খ) মরক্কোর ক্ষেত্রে :

(অ) আয়কর; এবং

(আ) কর্পোরেশন কর;

(অতঃপর “মরক্কো কর” বলিয়া উল্লিখিত)।

৪। চুক্তি স্বাক্ষরিত হইবার পর বিদ্যমান করসমূহের অতিরিক্ত বা উহাদের পরিবর্তে আরোপিত কোন অভিন্ন বা মূলতঃ একই ধরনের করসমূহের ক্ষেত্রেও এই চুক্তি প্রযোজ্য হইবে। চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রদ্বয়ের উপযুক্ত কর্তৃপক্ষ তাঁহাদের নিজ নিজ কর আইনে আনীত গুরুত্বপূর্ণ পরিবর্তন সম্পর্কে পরস্পর পরস্পরকে অবহিত করিবে।

অনুচ্ছেদ ৩

সাধারণ সংজ্ঞা

১। প্রসংগের প্রয়োজনে ভিন্নরূপ না হইলে, এই চুক্তির উদ্দেশ্যে :

- (ক) “চুক্তি সম্পাদনকারী রাষ্ট্র” এবং “চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্র” অর্থ, প্রসংগ অনুসারে, বাংলাদেশ অথবা মরক্কো;
- (খ) “বাংলাদেশ” অর্থ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সমগ্র এলাকাকে বুঝাইবে এবং আন্তর্জাতিক আইনানুযায়ী বা পরবর্তীতে বাংলাদেশের আইনানুসারে সমুদ্রতল এবং উহার নিম্নবর্তী ভূ-স্তরে প্রাকৃতিক সম্পদ অনুসন্ধান ও উৎকর্ষ সাধনে বাংলাদেশের সার্বভৌম ক্ষমতা প্রয়োগ করা যায় এইরূপ এলাকাও ইহার অন্তর্ভুক্ত হইবে;
- (গ) “মরক্কো” অর্থ দি কিংডম অব মরক্কো এবং ভৌগোলিক অর্থে “মরক্কো” অর্থঃ
 - (অ) মরক্কোর সমগ্র এলাকা এবং ইহার সংলগ্ন জলসীমা; এবং
 - (আ) জলসীমার বাহিরে আন্তর্জাতিক জলসীমা সংলগ্ন সমুদ্রতল এবং উহার নিম্নবর্তী ভূ-স্তর (মহীসোপান) এবং কেবলমাত্র অর্থনৈতিক অঞ্চল যাহার উপর মরক্কোর জাতীয় আইন এবং আন্তর্জাতিক আইন অনুযায়ী প্রাকৃতিক সম্পদ অনুসন্ধান ও উৎকর্ষ সাধনে মরক্কোর সার্বভৌম অধিকার প্রয়োগ করিতে পারে এইরূপ অঞ্চল অন্তর্ভুক্ত হইবে;
- (ঘ) “কর” অর্থ প্রসংগ অনুসারে বাংলাদেশের কর অথবা মরক্কোর কর;
- (ঙ) “ব্যক্তি” অর্থ কোন একক ব্যক্তি, কোম্পানী, অংশীদারী ব্যবসা এবং অন্য কোন ব্যক্তিশ্রেণি অন্তর্ভুক্ত হইবে;
- (চ) “কোম্পানী” অর্থ সংবিধিবদ্ধ কোন সংস্থা অথবা করারোপণের উদ্দেশ্যে সংস্থারূপে গণ্য অন্য কোন সত্তা;
- (ছ) “চুক্তি সম্পাদনকারী কোন রাষ্ট্রের উদ্যোগ” এবং “চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের উদ্যোগ” অর্থ যথাক্রমে চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের অধিবাসী কর্তৃক পরিচালিত উদ্যোগ এবং চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের অধিবাসী কর্তৃক পরিচালিত উদ্যোগ;
- (জ) “আন্তর্জাতিক পরিবহণ ব্যবস্থা” অর্থ চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের বিভিন্ন স্থানের মধ্যে পরিচালিত নৌ-পরিবহণ অথবা বিমান পরিবহণ ব্যতীত চুক্তি সম্পাদনকারী দেশে অবস্থিত কার্যকর ব্যবস্থাপনা সম্বলিত কোন সংস্থা কর্তৃক পরিচালিত কোন নৌপরিবহণ অথবা বিমান পরিবহণ;
- (ঝ) “উপযুক্ত কর্তৃপক্ষ” অর্থ :
 - (অ) বাংলাদেশের ক্ষেত্রে, জাতীয় রাজস্ব বোর্ড বা তদকর্তৃক ক্ষমতা প্রদত্ত প্রতিনিধি;
 - (আ) মরক্কোর ক্ষেত্রে, অর্থ মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত অর্থমন্ত্রী অথবা তদকর্তৃক ক্ষমতা প্রদত্ত প্রতিনিধি;

(এ৩) “নাগরিক” অর্থ :

(অ) চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রের জাতীয়তা বা নাগরিকত্বধারী ব্যক্তি;

(আ) চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রে বলবৎ আইন বলে অর্জিত মর্যাদাসম্পন্ন সকল আইনানুগ ব্যক্তি, অংশীদারিত্ব ও সংঘ।

২। চুক্তি সম্পাদনকারী কোন রাষ্ট্র কর্তৃক এই চুক্তি প্রয়োগের ক্ষেত্রে, প্রসংগের প্রয়োজনে ভিন্নরূপ না হইলে, এই চুক্তিটিতে যে শব্দের কোন সংজ্ঞা প্রদান করা হয় নাই সেই শব্দ উক্ত রাষ্ট্রের কর আইন অনুযায়ী এই চুক্তির ক্ষেত্রে প্রযোজ্য অর্থ বহন করিবে এবং রাষ্ট্রে বিদ্যমান কর আইন অনুসারে কোন শব্দের অর্থ রাষ্ট্রের অন্য কোন আইনে প্রদত্ত অর্থের ক্ষেত্রে প্রাধান্য পাইবে।

অনুচ্ছেদ ৪

নিবাসী

১। এই চুক্তির উদ্দেশ্যে “চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রের নিবাসী” অর্থ এইরূপ কোন ব্যক্তি যিনি উক্ত রাষ্ট্রের আইন অনুযায়ী তাহার বাসস্থান, আবাস ভূমি, নিগমবন্ধের স্থান, ব্যবস্থাপনার স্থান অথবা অনুরূপ প্রকৃতির অন্য কোন নীতি অনুযায়ী কোন কারণে উক্ত রাষ্ট্র বা ইহার ভৌগোলিক বিভাগ বা স্থানীয় কর্তৃপক্ষের দ্বারা করারোপণযোগ্য তবে, শুধুমাত্র সেই রাষ্ট্রের উৎস আয়ের উপর করারোপণযোগ্য ব্যক্তি উহার অন্তর্ভুক্ত হইবে না।

২। যেক্ষেত্রে প্যার-১ এর বিধানাবলির কারণে কোন ব্যক্তি চুক্তি সম্পাদনকারী উভয় রাষ্ট্রের নিবাসী হন, সেইক্ষেত্রে নিম্নলিখিত বিধি অনুসারে তাহার মর্যাদা নির্ধারিত হইবেঃ

(ক) চুক্তি সম্পাদনকারী যে রাষ্ট্রে তাহার নিজের ব্যবহারের জন্য স্থায়ী বাড়ী রহিয়াছে তিনি চুক্তি সম্পাদনকারী সেই রাষ্ট্রের নিবাসী বলিয়া গণ্য হইবেন, যদি চুক্তি সম্পাদনকারী উভয় রাষ্ট্রেই তাহার নিজের ব্যবহারের জন্য স্থায়ী বাড়ী থাকে, তাহা হইলে চুক্তি সম্পাদনকারী যে রাষ্ট্রের সহিত তাহার ব্যক্তিগত ও অর্থনৈতিক সম্পর্ক (অতীব গুরুত্বপূর্ণ স্বার্থের কেন্দ্র) ঘনিষ্ঠতর তিনি চুক্তি সম্পাদনকারী সেই রাষ্ট্রের নিবাসী বলিয়া গণ্য হইবেন।

(খ) চুক্তি সম্পাদনকারী কোন রাষ্ট্রে তাহার অতীব গুরুত্বপূর্ণ স্বার্থের উৎস রহিয়াছে উহা নির্ণয় করিতে না পারা গেলে অথবা চুক্তি সম্পাদনকারী কোন রাষ্ট্রেই তাহার নিজের ব্যবহারের জন্য কোন স্থায়ী বাড়ী না থাকিলে, তিনি চুক্তি সম্পাদনকারী সেই রাষ্ট্রের নিবাসী বলিয়া গণ্য হইবেন, চুক্তি সম্পাদনকারী যে রাষ্ট্রে তিনি সচরাচর বসবাস করিয়া থাকেন।

(গ) চুক্তি সম্পাদনকারী উভয় রাষ্ট্রেই তিনি সচরাচর বসবাস করিলে অথবা উহাদের কোনটিতেই তিনি বসবাস না করিলে তিনি চুক্তি সম্পাদনকারী যে রাষ্ট্রের নাগরিক সেই রাষ্ট্রের নিবাসী বলিয়া গণ্য হইবেন।

(ঘ) তিনি চুক্তি সম্পাদনকারী উভয় রাষ্ট্রের নাগরিক হইলে অথবা উহাদের কোনটিরই নাগরিক না হইলে চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রদ্বয়ের উপযুক্ত কর্তৃপক্ষগণ পারস্পরিক সম্মতিক্রমে বিষয়টির মীমাংসা করিবে।

৩। যেক্ষেত্রে প্যারা-১ এর বিধানাবলির কারণে, একক ব্যক্তি ব্যতীত, কোন ব্যক্তি চুক্তি সম্পাদনকারী উভয় রাষ্ট্রের নিবাসী হন, সেই ক্ষেত্রে উক্ত ব্যক্তি সেই রাষ্ট্রের নিবাসী বলিয়া গণ্য হইবেন যে রাষ্ট্রে তাহার কার্যকরী ব্যবস্থাপনার ক্ষেত্র অবস্থিত।

অনুচ্ছেদ ৫

স্থায়ী প্রতিষ্ঠান

১। এই চুক্তির উদ্দেশ্য পূরণকল্পে “স্থায়ী প্রতিষ্ঠান” অর্থ কারবারের সেইরূপ নির্দিষ্ট স্থান যে স্থানে উক্ত উদ্যোগের কারবার সামগ্রিকভাবে বা আংশিকভাবে পরিচালিত হয়।

২। “স্থায়ী প্রতিষ্ঠান” অর্থে বিশেষভাবে অন্তর্ভুক্ত হইবে :

- (ক) ব্যবস্থাপনার স্থান;
- (খ) শাখা;
- (গ) অফিস;
- (ঘ) কারখানা;
- (ঙ) ওয়ার্কশপ;
- (চ) খনি, তৈল অথবা গ্যাসকূপ, ভূগর্ভস্থ খাদ অথবা প্রাকৃতিক সম্পদ আহরণের জন্য অন্য কোন স্থান;
- (ছ) বিক্রয় কেন্দ্র; এবং
- (জ) ব্যক্তি মালিকানাধীন পণ্যাগার যা অন্যদের মালামাল গুদামজাত করিবার সুবিধার্থে ব্যবহার করিতে দেওয়া হয়।

৩। “স্থায়ী প্রতিষ্ঠান” অর্থে অন্তর্ভুক্ত হইবে :

- (ক) অট্টালিকা নির্মাণ স্থান বা নির্মাণ, সংযোজন প্রকল্প বা ইহার সহিত সম্পৃক্ত তদারকী কার্যক্রম যাহা ৬ মাসের অধিককাল অব্যাহত থাকে;
- (খ) কোন উদ্যোক্তা সেবা প্রদানের উদ্দেশ্যে তাহার উদ্যোগের মাধ্যমে নিয়োজিত কর্মচারী বা অন্যান্য ব্যক্তির মাধ্যমে পরামর্শক সেবাসহ কোন সেবা প্রদান করিলে, তবে যদি উক্ত প্রকারের কার্যক্রম (একই বা সংযুক্ত প্রকল্পের ক্ষেত্রে) চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রের মধ্যে ১২ মাস ব্যাপ্তিতে অথবা একবারে অথবা সর্বমোট ২ মাসের অধিককাল অব্যাহত থাকে;
- (গ) কোন উদ্যোগ যাহা চুক্তি সম্পাদনকারী উক্ত রাষ্ট্রের খনিজ তৈল আহরণের উদ্দেশ্যে উক্ত রাষ্ট্রের সেবা, সুবিধা বা প্ল্যান্ট ও যন্ত্রপাতি ভাড়া সরবরাহ করে।

৪। এই অনুচ্ছেদের পূর্ববর্তী ধারাসমূহে যাহাই থাকুক না কেন, “স্থায়ী প্রতিষ্ঠান” অর্থে নিম্নবর্ণিত বিষয় অন্তর্ভুক্ত হইবে না :

- (ক) উদ্যোগের মালিকানাধীন দ্রব্য বা পণ্যসামগ্রী কেবল গুদামজাতকরণ অথবা প্রদর্শনের উদ্দেশ্যে ব্যবহার;
- (খ) উদ্যোগের মালিকানাধীন মণ্ডুত দ্রব্য বা পণ্যসামগ্রী কেবল মজুদকরণ অথবা প্রদর্শনের জন্য সংরক্ষণ;
- (গ) উদ্যোগের মালিকানাধীন মণ্ডুত দ্রব্য বা পণ্যসামগ্রী কেবল অন্য কোন উদ্যোগ কর্তৃক প্রক্রিয়াজাতকরণের জন্য সংরক্ষণ;
- (ঘ) উদ্যোগের জন্য কেবলমাত্র দ্রব্য বা পণ্যসামগ্রী ক্রয়ের বা তথ্য সংগ্রহের উদ্দেশ্যে কারবারের নির্দিষ্ট স্থান রক্ষণাবেক্ষণ;
- (ঙ) উদ্যোগের জন্য প্রস্তুতিমূলক অথবা সহায়ক ধরনের বিজ্ঞাপনসহ অন্য কোন কার্যক্রম পরিচালনার উদ্দেশ্যে কারবারের নির্দিষ্ট স্থান রক্ষণাবেক্ষণ;
- (চ) সাব-প্যারা (ক) থেকে (ঙ) এর যে কোন রকমের একত্রিত কার্যক্রমের জন্য কারবারের নির্দিষ্ট স্থান রক্ষণাবেক্ষণ, তবে কারবারের নির্দিষ্ট স্থানের এই একত্রিকরণের ফলে সৃষ্ট সার্বিক কার্যক্রম যেন প্রস্তুতিমূলক অথবা সহায়ক ধরনের হয়।

৫। প্যারা ১ এবং ২ এ যাহা কিছুই বর্ণিত থাকুকনা কেন, যেক্ষেত্রে কোন ব্যক্তি, স্বাধীনমর্যাদা সম্পন্ন কোন এজেন্ট যাহার প্রতি প্যারা ৭ প্রযোজ্য ব্যতীত, চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রে চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের কোন উদ্যোগের পক্ষে কাজ করে সেই ক্ষেত্রে উক্ত উদ্যোগের প্রথমোক্ত চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রে উক্ত ব্যক্তি উদ্যোগের জন্য যে সমস্ত কার্যক্রম সম্পাদন করেন তজ্জন্য স্থায়ী প্রতিষ্ঠান আছে বলিয়া গণ্য হইবে, যদি উক্ত ব্যক্তির :

- (ক) উক্ত রাষ্ট্রে উদ্যোগের নামে চুক্তি সম্পাদনের জন্য একটি কর্তৃপক্ষ থাকে এবং উহাকে সামগ্রিকভাবে ব্যবহার করে, যদি না উক্ত ব্যক্তির কার্যক্রম প্যারা ৪ এ উল্লিখিত কার্যক্রমসমূহের মধ্যে সীমাবদ্ধ হয়, তবে কারবারের নির্দিষ্ট স্থানের মাধ্যমে পরিচালিত হইলে, উক্ত প্যারার ক্ষেত্রে কারবারের এই নির্দিষ্ট স্থান স্থায়ী প্রতিষ্ঠান হিসাবে বিবেচিত হইবে না।
- (খ) কোন কর্তৃপক্ষ না থাকিলে, তবে সামগ্রিকভাবে উল্লিখিত রাষ্ট্রে গুদামজাত দ্রব্য বা পণ্য সংরক্ষণ করে যাহা হইতে উক্ত ব্যক্তি নিয়মিতভাবে উদ্যোগের পক্ষে দ্রব্য বা পণ্য সরবরাহ করে।

৬। এই অনুচ্ছেদের পূর্ববর্তী প্যারাসমূহে যাহাই থাকুক না কেন, চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রের কোন বীমা উদ্যোগের, পুনঃবীমার ক্ষেত্রে ব্যতীত, চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে স্থায়ী প্রতিষ্ঠান আছে বলিয়া গণ্য হইবে, যদি উহা চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের সীমার মধ্যে স্বাধীন মর্যাদাসম্পন্ন কোন এজেন্ট যাহার ক্ষেত্রে প্যারা ৭ প্রযোজ্য তাহাকে ব্যতীত কোন ব্যক্তির মধ্যমে প্রিমিয়াম সংগ্রহ করে অথবা ঝুঁকির নিশ্চয়তা প্রদান করে।

৭। কোন কেবল দালাল, সাধারণ কমিশন এজেন্ট অথবা স্বাধীন মর্যাদাসম্পন্ন অন্য কোন এজেন্ট যাহারা সাধারণত চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে ব্যবসা পরিচালনা করে, এই কারণে চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রের কোন একটি উদ্যোগের চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে স্থায়ী প্রতিষ্ঠান রহিয়াছে বলিয়া গণ্য হইবে না। যাহা হউক, যেই ক্ষেত্রে এই রূপ এজেন্টের কার্যাবলী সম্পূর্ণ বা অধিকাংশ অংশ শুধুমাত্র উক্ত উদ্যোগের পক্ষে সীমাবদ্ধ থাকে এবং উক্ত উদ্যোগ ও এজেন্টের মধ্যে সম্পাদিত বা আরোপিত বাণিজ্যিক ও আর্থিক সম্পর্ক সংক্রান্ত শর্তাদি একাধিক স্বাধীন উদ্যোগের মধ্যে বিদ্যমান শর্তাদি হইতে ভিন্নতর হয়, সেই ক্ষেত্রে এই প্যারার অর্থ অনুযায়ী এইরূপ এজেন্টকে স্বাধীন মর্যাদাসম্পন্ন এজেন্ট হিসাবে গণ্য করা হইবে না।

৮। চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী কোন কোম্পানী নিয়ন্ত্রণ করিলে অথবা চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের নিবাসী কোন কোম্পানী দ্বারা নিয়ন্ত্রিত হইলে, অথবা চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে ব্যবসা পরিচালনা করিলে (স্থায়ী প্রতিষ্ঠান অথবা অন্য কোন মাধ্যমে) উক্ত কোম্পানী অপর কোম্পানীর স্থায়ী প্রতিষ্ঠান হিসাবে বিবেচিত হইবে না।

অনুচ্ছেদ ৬

স্বাবর সম্পত্তি হইতে আয়

১। চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী কর্তৃক চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে অবস্থিত স্বাবর সম্পত্তি (কৃষি বা বনভূমি হইতে অর্জিত আয় অন্তর্ভুক্ত) হইতে প্রাপ্ত আয় চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে করযোগ্য হইবে।

২। চুক্তি সম্পাদনকারী যে রাষ্ট্রে স্বাবর সম্পত্তি অবস্থিত সেই রাষ্ট্রের আইন অনুসারে “স্বাবর সম্পত্তি” যে অর্থে ব্যবহৃত হয়েছে সেই অর্থ বহন করিবে। সকল ক্ষেত্রে উক্ত অর্থে স্বাবর সম্পত্তির আনুষঙ্গিক সকল সম্পত্তি, গবাদি পশু, কৃষি ও বৃক্ষরোপণে ব্যবহৃত সরঞ্জামাদি, ভূ-সম্পত্তি সংক্রান্ত অধিকারের ক্ষেত্রে সাধারণ আইনের বিধানাবলি প্রযোজ্য এইরূপ অধিকার, অন্যের স্বাবর সম্পত্তি ভোগের অধিকার এবং কাজের বিনিময়ে পরিবর্তনশীল বা নির্ধারিত পরিমাণ প্রাপ্তির অধিকার এবং খনি, উৎসসমূহ ও অন্যান্য প্রাকৃতিক সম্পদ অন্তর্ভুক্ত হইবে; জাহাজ, নৌকা, উড়োজাহাজ স্বাবর সম্পত্তিরূপে গণ্য হইবে না।

৩। প্যারা ১ এর বিধান স্বাবর সম্পত্তির সরাসরি ব্যবহার, ভাড়া বা অন্য যেকোন উপায়ে উহা ব্যবহার হইতে প্রাপ্ত আয়ের উপর প্রযোজ্য হইবে।

৪। প্যারা ১ ও ৩ এর বিধানসমূহ যে কোন উদ্যোগের স্বাবর সম্পত্তির আয় এবং স্বতন্ত্রভাবে ব্যক্তিগত কর্মে ব্যবহৃত স্বাবর সম্পত্তির আয়ের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

৫। যেক্ষেত্রে কোন কোম্পানীর শেয়ার মালিকানা বা অন্য কর্পোরেট অধিকার শেয়ার মালিক বা কর্পোরেট অধিকারীকে কোম্পানীর মালিকানার স্বাবর সম্পত্তি ভোগের অধিকার প্রদান করে, সেইক্ষেত্রে ভোগের অধিকারের কারণে সরাসরি ব্যবহার, ভাড়া প্রদান বা অন্য কোন ভাবে ব্যবহার বাবদ প্রাপ্ত আয় চুক্তি সম্পাদনকারী যে রাষ্ট্রে স্বাবর সম্পত্তি অবস্থিত সেই রাষ্ট্রে করযোগ্য হইবে।

অনুচ্ছেদ ৭

ব্যবসায় মুনাফা

১। চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের কোনো উদ্যোগের মুনাফা কেবল উক্ত রাষ্ট্রেই করযোগ্য হইবে, যদি উক্ত উদ্যোগ চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে স্থায়ীভাবে প্রতিষ্ঠিত কোনো প্রতিষ্ঠানের মাধ্যমে ব্যবসা পরিচালনা না করে। যদি উক্ত উদ্যোগ অপর রাষ্ট্রে উহার ব্যবসা পরিচালনা করে, তাহা হইলে উক্ত উদ্যোগের মুনাফার উপর অপর রাষ্ট্রে নিম্নবর্ণিত ক্ষেত্রে যে পরিমাণ কর আরোপযোগ্য হয় সেই পরিমাণ কর আরোপ করা যাইবে :

(ক) স্থায়ী প্রতিষ্ঠানের;

(খ) উক্ত স্থায়ী প্রতিষ্ঠানের মাধ্যমে বিক্রয় করে এই রূপ একই বা একই ধরনের দ্রব্য বা পণ্য চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে বিক্রয়ের; অথবা

(গ) চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে উক্ত স্থায়ী প্রতিষ্ঠানের মাধ্যমে পরিচালিত হয় এমন একই বা একই ধরনের অন্যান্য ব্যবসায়িক কার্যক্রম পরিচালনা।

২। প্যারা ৩ এর বিধানাবলী সাপেক্ষে, যে ক্ষেত্রে চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের কোনো উদ্যোগ চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে স্থায়ীভাবে প্রতিষ্ঠিত কোনো প্রতিষ্ঠানের মাধ্যমে ব্যবসা পরিচালনা করে সেই ক্ষেত্রে উহা যদি কোনো স্বতন্ত্র ও পৃথক উদ্যোগ হিসেবে নিয়োজিত থাকিয়া একই বা অনুরূপ শর্তানুসারে একই বা অনুরূপ কার্যাবলী পরিচালনা করিত এবং উহা যে উদ্যোগের স্থায়ী প্রতিষ্ঠান উহার সহিত সম্পূর্ণ স্বতন্ত্রভাবে ব্যবসা করিত, তাহা হইলে যে পরিমাণ মুনাফা অর্জিত হইত বলিয়া আশা করা যাইত সেইরূপ মুনাফা চুক্তি সম্পাদনকারী উভয় রাষ্ট্রে উক্ত স্থায়ী প্রতিষ্ঠানের উপর আরোপিত হইবে।

৩। কোনো স্থায়ী প্রতিষ্ঠানের মুনাফা নির্ধারণে, নির্বাহী ও সাধারণ প্রশাসনিক ব্যয়সহ স্থায়ী প্রতিষ্ঠানের ব্যবসা পরিচালনার জন্য স্থায়ী প্রতিষ্ঠান যে রাষ্ট্রে অবস্থিত সেই রাষ্ট্রে বা অন্য কোথাও ব্যয়িত খরচ কর্তন হিসাবে বাদ হইবে। তবে, এইরূপ কোনো কর্তন গ্রহণযোগ্য হইবে না, যদি স্থায়ী প্রতিষ্ঠানের প্রধান কার্যালয় বা উহার অন্য কোনো কার্যালয়কে-পেটেন্ট বা অন্যান্য অধিকার ব্যবহারের বিপরীতে রয়্যালটি, ফি বা অন্যান্য সমরূপ ধরনের কর পরিশোধ করে অথবা নির্দিষ্ট সেবা প্রদান বা ব্যবস্থাপনার জন্য কমিশন প্রদান করে অথবা ব্যাংকিং উদ্যোগের ক্ষেত্র ব্যতীত, অন্যান্য ক্ষেত্রে স্থায়ী প্রতিষ্ঠানের গৃহীত ঋণের অর্থের বিপরীতে সুদ পরিশোধ করে।

৪। চুক্তি সম্পাদনকারী কোনো রাষ্ট্রেই প্রথানুযায়ী কোনো স্থায়ী প্রতিষ্ঠানের উপর আরোপণীয় মুনাফা উহার বিভিন্ন অংশের মধ্যে সামগ্রিক মুনাফা বন্টনের ভিত্তিতে নির্ধারণের ক্ষেত্রে, প্যারা-২ এবং অন্য কোনো কিছুই চুক্তি সম্পাদনকারী উক্ত রাষ্ট্রের প্রথানুযায়ী বন্টনের ভিত্তিতে করযোগ্য মুনাফা নির্ধারণে বাধা প্রদান করিবে না; তবে এইরূপ গৃহীত বন্টন রীতি এই রূপ হইতে হইবে যে, ইহার ফল এই অনুচ্ছেদে বর্ণিত নীতিমালার সহিত সংগতিপূর্ণ হইবে।

৫। কোনো স্থায়ী প্রতিষ্ঠান কর্তৃক উহার জন্য দ্রব্য অথবা পণ্যসামগ্রী ক্রয় করা হয় কেবলমাত্র এই কারণেই উক্ত স্থায়ী প্রতিষ্ঠানের উপর কোনো মুনাফা আরোপিত হইবে না।

৬। পূর্ববর্তী প্যারাগুলির উদ্দেশ্যে স্থায়ী প্রতিষ্ঠানের উপর আরোপণীয় মুনাফা, বিপরীতে সঠিক ও পর্যাপ্ত কারণ না থাকিলে, প্রতি বৎসর একই পদ্ধতিতে নির্ধারণ করা হইবে।

৭। যেক্ষেত্রে মুনাফার মধ্যে এইরূপ আয় অন্তর্ভুক্ত থাকে যাহা সম্পর্কে এই চুক্তির অন্যান্য অনুচ্ছেদে পৃথকভাবে ব্যবস্থা গৃহীত হইয়াছে, সেই ক্ষেত্রে এই অনুচ্ছেদের বিধানাবলী দ্বারা উক্ত সকল অনুচ্ছেদের বিধানাবলী লংঘিত হইবে না।

অনুচ্ছেদ ৮

জাহাজ ও বিমান পরিবহণ

১। আন্তর্জাতিক পরিবহণের ক্ষেত্রে বিমান পরিচালনা হইতে প্রাপ্ত মুনাফা কেবলমাত্র চুক্তি সম্পাদনকারী সেই রাষ্ট্রে করযোগ্য হইবে যে রাষ্ট্রে উক্ত উদ্যোগের কার্যকর ব্যবস্থাপনা ক্ষেত্র অবস্থিত।

২। আন্তর্জাতিক পরিবহণের ক্ষেত্রে জাহাজ পরিচালনা হইতে প্রাপ্ত মুনাফা উদ্যোগের কার্যকরী ব্যবস্থাপনা যে রাষ্ট্রে অবস্থিত সেই রাষ্ট্রে করযোগ্য হইতে পারে। তবে, চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে উদ্ভূত এইরূপ মুনাফা উক্ত রাষ্ট্রের আইনানুযায়ী উক্ত রাষ্ট্রেও করযোগ্য হইতে পারে, কিন্তু সেই ক্ষেত্রে শতকরা পঞ্চাশ ভাগ কম কর আরোপিত হইবে।

৩। যদি জাহাজ পরিচালনাকারী উদ্যোগের কার্যকরী ব্যবস্থাপনা জাহাজেই অবস্থিত হয়, তাহা হইলে চুক্তি সম্পাদনকারী যে রাষ্ট্রে উক্ত জাহাজের স্বদেশ পোতাশ্রয় অবস্থিত, সেই রাষ্ট্রেই উহা অবস্থিত বলিয়া গণ্য হইবে অথবা যদি স্বদেশ পোতাশ্রয় না থাকে, তাহা হইলে চুক্তি সম্পাদনকারী যে রাষ্ট্রে জাহাজের চালক নিবাসী সেই রাষ্ট্রে অবস্থিত বলিয়া গণ্য হইবে।

৪। প্যারা-১ ও ২ এর বিধানাবলী কোনো পুল, যৌথ ব্যবসা অথবা আন্তর্জাতিকভাবে পরিচালিত এজেন্সিতে এইরূপ উদ্যোগে অংশগ্রহণের ফলে অর্জিত মুনাফা এবং এইরূপ উদ্যোগ কর্তৃক দ্রব্য বা পণ্য পরিবহণের জন্য কন্টেইনার ব্যবহার হইতে অর্জিত প্রাসঙ্গিক আয় এবং এর উপরও প্রযোজ্য হইবে।

অনুচ্ছেদ ৯

সহযোগী সংস্থা

১। যেই ক্ষেত্রে :

(ক) চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের কোনো উদ্যোগ চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের কোনো উদ্যোগের ব্যবস্থাপনা, নিয়ন্ত্রণ বা মূলধনে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে অংশগ্রহণ করে; অথবা

(খ) একই ব্যক্তিবর্গ চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের কোনো উদ্যোগের এবং চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের কোনো উদ্যোগের ব্যবস্থাপনা, নিয়ন্ত্রণ অথবা মূলধন যুগপৎভাবে অংশগ্রহণ করে;

এবং উভয় ক্ষেত্রে যদি ২টি উদ্যোগের মধ্যে বাণিজ্যিক ও আর্থিক সম্পর্কের কারণে উহাদের মধ্যে এইরূপ শর্ত আরোপিত থাকে যাহা উহারা স্বতন্ত্র উদ্যোগ হিসাবে কাজ করিলে একইরূপ হইত না সেই ক্ষেত্রে কোনো একটি উদ্যোগের যদি উক্ত শর্তসমূহের জন্য অর্জিত হয় নাই, কিন্তু শর্তসমূহ না থাকিলে অর্জিত হইত, তাহা হইলে উক্ত মুনাফা উক্ত উদ্যোগের মুনাফার অন্তর্ভুক্ত করা যাইবে এবং তদনুযায়ী করারোপণ করা যাইবে।

২। যদি চুক্তি সম্পাদনকারী রাষ্ট্র চুক্তি সম্পাদনকারী উক্ত রাষ্ট্রের কোনো উদ্যোগে মুনাফা হিসাবে অন্তর্ভুক্ত করে এবং তদনুযায়ী কর আরোপ করে এবং উক্ত মুনাফার উপর চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্র কোনো উদ্যোগকে অপর রাষ্ট্রের করারোপণ করিয়া থাকে তাহা হইলে যে মুনাফা অন্তর্ভুক্ত করা হইয়াছে উক্ত মুনাফা যদি এইরূপ মুনাফা হয় যাহা প্রথমোক্ত চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রের উদ্যোগের মুনাফা হইত যদি উদ্যোগ ২টির মধ্যে আরোপিত শর্তসমূহ এইরূপ হইত যাহা ২টি স্বতন্ত্র উদ্যোগের মধ্যে সম্পাদনযোগ্য, তাহা হইলে চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্র উক্ত মুনাফার বিপরীতে যে পরিমাণ কর আরোপণ করিয়াছে উহা যথাযথ সমন্বয় সাধন করিবে। এইরূপ সমন্বয় নিরূপণের ক্ষেত্রে, এই চুক্তির অন্যান্য বিধানসমূহের দিকে লক্ষ্য রাখিতে হইবে এবং চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রসমূহের উপযুক্ত কর্তৃপক্ষগণ প্রয়োজনে পারস্পরিক আলোচনা করিবে।

৩। যেখানে বিচারিক, প্রশাসনিক বা অন্যকোনো আইনী কার্যব্যবস্থার ফলে এইরূপ রায় জারি করা হয় যে, প্যারা-১ এর অধীন মুনাফা সমন্বয়জনিত উদ্ভূত অবস্থায় কোনো একটি উদ্যোগ জালিয়াতি, অবহেলা বা ইচ্ছাকৃত অপরাধের জন্য দোষী সাব্যস্ত হয় সেখানে প্যারা ২ এর বিধানাবলী প্রযোজ্য হইবে না।

অনুচ্ছেদ ১০

লভ্যাংশ

১। চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী কোনো কোম্পানী কর্তৃক চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের কোনো নিবাসীকে প্রদত্ত লভ্যাংশের উপর উক্ত অপর রাষ্ট্রে কর আরোপ করা যাইবে।

২। যাহা হউক, এরূপ লভ্যাংশের উপর কর যে কোম্পানী লভ্যাংশ প্রদান করিতেছে সেই কোম্পানী চুক্তি সম্পাদনকারী যে রাষ্ট্রের নিবাসী এবং উক্ত রাষ্ট্রের আইনানুযায়ী সে রাষ্ট্রেও আরোপ করা যাইবে। কিন্তু লভ্যাংশের মালিক যদি চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের নিবাসী হয়, তাহা হইলে আরোপিত করের পরিমাণ লভ্যাংশের মোট পরিমাণের শতকরা ১০ ভাগের অধিক হইবে না। এই প্যারা কোম্পানীর আয় যাহা হইতে লভ্যাংশ প্রদান করা হইয়াছে উহার করারোপণকে প্রভাবিত করিবে না।

৩। এই অনুচ্ছেদে বর্ণিত “লভ্যাংশ” বলিতে শেয়ার, “জুইসেস” শেয়ার বা “জুইসেস” অধিকার, মাইনিং শেয়ার, ফাউন্ডারস শেয়ার অথবা ঋণের দাবী ব্যতীত অন্যান্য অধিকার, মুনাফায় অংশগ্রহণ, অন্যান্য কর্পোরেট অধিকার হইতে আয়, ইহা ছাড়া অন্যান্য আয় যাহা বিতরণকারী কোম্পানী চুক্তি সম্পাদনকারী যে রাষ্ট্রের নিবাসী সেই রাষ্ট্রের আইনানুসারে শেয়ার আয়ের উপর যেরূপ করারোপণ করা হয় একই রকম করারোপণযোগ্য সে আয়কে বুঝাইবে।

৪। লভ্যাংশের সুবিধার অধিকারী যদি চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী হইয়া, চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের নিবাসী কোনো কোম্পানীর, উক্ত অপর রাষ্ট্রে অবস্থিত কোনো স্থায়ী প্রতিষ্ঠানের মাধ্যমে কারবার পরিচালনা করেন অথবা উক্ত অপর রাষ্ট্রে অবস্থিত কোনো স্থায়ী ঘাটির মাধ্যমে স্বাধীন ব্যক্তিগত সেবা প্রদান করেন এবং যে হোল্ডিং-এর মাধ্যমে উক্ত লভ্যাংশ প্রদান করা হয়, উহা যদি কার্যকরীভাবে সেখানে অবস্থিত স্থায়ী প্রতিষ্ঠান বা স্থায়ী ঘাটির সহিত সংশ্লিষ্ট হয় তাহা হইলে এই অনুচ্ছেদের প্যারা-১ এবং ২ এর বিধানাবলী প্রযোজ্য হইবে না। এইরূপ ক্ষেত্রে, অনুচ্ছেদ ৭ অথবা অনুচ্ছেদ ১৪ এর বিধানাবলী বিষয় অনুযায়ী প্রযোজ্য হইবে।

৫। চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের অধিবাসী কোনো কোম্পানী চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে কোনো মুনাফা বা আয় লাভ করিলে, চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে, উক্ত কোম্পানী কর্তৃক প্রদত্ত লভ্যাংশের উপর কোনো কর আরোপ নাও করিতে পারেন, তবে উক্ত চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের নিবাসীকে প্রদত্ত লভ্যাংশের ক্ষেত্রে বা যে হোল্ডিং সম্পর্কে লভ্যাংশ প্রদান করা হয় সেই হোল্ডিং উক্ত চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে অবস্থিত কোনো স্থায়ী প্রতিষ্ঠান বা স্থায়ী ঘাটির সাথে কার্যকরভাবে সম্পর্কিত থাকবার ক্ষেত্রে ইহার ব্যতিক্রম হইবে, প্রদত্ত লভ্যাংশ বা অবণ্টনকৃত মুনাফা সম্পূর্ণ বা আংশিকভাবে উক্ত চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে অর্জিত হইলেও কোম্পানীর উক্ত অবণ্টনকৃত মুনাফার উপর কোনো কর আরোপ করা হইবে না।

৬। এই চুক্তির অন্যান্য বিধানাবলীতে যাহাই থাকুক না কেন, চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রের নিবাসী কোনো কোম্পানীর যদি চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে স্থায়ী স্থাপনা থাকে সেই ক্ষেত্রে অনুচ্ছেদ ৭ এর প্যারা-১ এর অধীন মুনাফা প্রধান কার্যালয়ে স্থানান্তর করিবার সময় চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে বিদ্যমান আইন অনুযায়ী উক্ত মুনাফা হইতে উৎসে কর কর্তন করা যাইবে। তবে উক্ত মুনাফা হইতে চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে ধার্যকৃত কর্পোরেশন কর বাদ দেওয়ার পরে ১০% এর অধিক উৎসে কর কর্তন করা যাইবে না।

অনুচ্ছেদ ১১

সুদ

১। চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রে উদ্ভূত সুদ চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের কোনো নিবাসীকে প্রদান করা হইলে উহা অপর রাষ্ট্রে করযোগ্য হইবে।

২। যাহা হউক, এইরূপ সুদ চুক্তি সম্পাদনকারী যে রাষ্ট্রে উদ্ভূত হয় সেই রাষ্ট্রের আইন অনুযায়ী সেই রাষ্ট্রেই করযোগ্য হইবে, কিন্তু যদি প্রাপক উক্ত সুদের সুবিধার অধিকারী হন, তাহা হইলে অনুরূপভাবে ধার্যকৃত করের পরিমাণ মোট সুদের শতকরা ১০ ভাগের অধিক হইবে না।

৩। প্যারা-২ এ বর্ণিত বিধান সত্ত্বেও চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রে উদ্ভূত সুদ চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের সরকার বা কেন্দ্রীয় ব্যাংককে প্রদান করা হইলে উহা প্রথমে উল্লিখিত চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রে কর হইতে অব্যাহতি পাইবে।

৪। এই অনুচ্ছেদে বর্ণিত “সুদ” অর্থ বন্ধকের মাধ্যমে নিরাপত্তা নিশ্চিত হউক বা না হইক এবং ঋণ গ্রহীতার মুনাফায় অংশগ্রহণের অধিকার থাকুক বা না থাকুক, এইরূপ সকল প্রকার ঋণ দাবী হইতে অর্জিত আয়, এবং বিশেষ করিয়া, সরকারি সিকিউরিটি, বন্ড বা ডিবেঞ্চরের সহিত সংশ্লিষ্ট প্রিমিয়াম ও রোয়েদাদসহ সিকিউরিটি, বন্ড বা ডিবেঞ্চর হইতে অর্জিত আয়। তবে, বিলম্বে পরিশোধের জন্য আরোপিত জরিমানা এই অনুচ্ছেদের উদ্দেশ্য পূরণকল্পে সুদ হিসাবে গণ্য হইবে না।

৫। যদি সুদ গ্রহীতা চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী হইয়া চুক্তি সম্পাদনকারী অপর যে কোনো রাষ্ট্রে সুদের উৎপত্তি হইয়াছে সে রাষ্ট্রে অবস্থিত কোনো স্থায়ী প্রতিষ্ঠানের মাধ্যমে উক্ত রাষ্ট্রে

ব্যবসা পরিচালনা করেন অথবা উক্ত অপর রাষ্ট্রে যেখানে অবস্থিত কোনো স্থায়ী স্থাপনার মাধ্যমে স্বতন্ত্র ব্যক্তিগত সার্ভিস পরিচালনা করেন এবং যে ঋণদাবীর জন্য সুদ প্রদত্ত হয় সেই ঋণদাবী যদি—

(ক) স্থায়ী স্থাপনা বা কেন্দ্রের সাথে সম্পর্কযুক্ত হয়; অথবা

(খ) অনুচ্ছেদ ৭, প্যারা-১-এর দফা (গ) এর সাথে সম্পর্কযুক্ত হয়, তাহা হইলে প্যারা-১ ও ২ এর বিধানাবলী প্রযোজ্য হইবে না। এইরূপ ক্ষেত্রে অনুচ্ছেদ ৭ অথবা ১৪ এর বিধানাবলী প্রযোজ্য হইবে।

৬। চুক্তি সম্পাদনকারী কোনো রাষ্ট্রে সুদ আয় তখনই উদ্ভূত হইয়াছে বলিয়া গণ্য হইবে যখন দাতা উক্ত রাষ্ট্রের নিবাসী হন। যে ক্ষেত্রে, যে ব্যক্তি এইরূপ আয় পরিশোধ করিতেছেন তিনি চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী হন বা না হন, চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রে অবস্থিত, যে ঋণের জন্য উক্ত আয় পরিশোধ করা হয় উহা সৃষ্টি হওয়ার সংগে জড়িত কোনো স্থায়ী প্রতিষ্ঠান বা নির্দিষ্ট কেন্দ্র থাকিলে এবং উক্ত আয় উক্ত স্থায়ী প্রতিষ্ঠান বা নির্দিষ্ট কেন্দ্র বহন করে, সেই ক্ষেত্রে সেই আয় চুক্তি সম্পাদনকারী যে রাষ্ট্রে স্থায়ী প্রতিষ্ঠান বা নির্দিষ্ট কেন্দ্র অবস্থিত সেই রাষ্ট্রে উদ্ভূত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

৭। যেক্ষেত্রে, সুদদাতা ও সুদ লাভের অধিকারীর মধ্যে অথবা তাহাদের উভয়ের এবং অপর কোনো ব্যক্তির মধ্যে বিশেষ সম্পর্ক হেতু প্রদত্ত সুদের পরিমাণ, যে ঋণ দাবী বাবদ সুদ প্রদান করা হয় তৎপ্রতি লক্ষ্য রাখিয়া এইরূপ সম্পর্কের অবর্তমানে উক্ত সুদদাতা ও সুদ লাভের অধিকারী যে পরিমাণ সুদ প্রদানে সম্মত হইতেন তদাপেক্ষা অধিক হয়, সেই ক্ষেত্রে এই অনুচ্ছেদের বিধানাবলী কেবল শেষোক্ত পরিমাণের ক্ষেত্রে প্রযোজ্য হইবে। এইরূপ ক্ষেত্রে, প্রদত্ত অতিরিক্ত অর্থ চুক্তি সম্পাদনকারী প্রত্যেক রাষ্ট্রের আইন অনুযায়ী করযোগ্য হইবে। তবে এই চুক্তির অন্যান্য বিধানের প্রতি যথাযথ লক্ষ্য রাখিতে হইবে।

অনুচ্ছেদ ১২

রয়্যালটি

১। চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রে উদ্ভূত রয়্যালটি, চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের কোনো নিবাসীকে প্রদান করা হইলে উক্ত রয়্যালটি চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে করযোগ্য হইবে।

২। যাহা হউক, চুক্তি সম্পাদনকারী যে রাষ্ট্রে উক্ত রয়্যালটির উৎস সেই রাষ্ট্রের আইন অনুযায়ী সেই রাষ্ট্রেই করযোগ্য হইতে পারে। কিন্তু প্রাপক যদি চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের নিবাসী হন, তাহা হইলে এইরূপে ধার্যকৃত কর রয়্যালটির মোট পরিমাণের শতকরা ১০ ভাগের অধিক হইবে না।

৩। এই অনুচ্ছেদে বর্ণিত “রয়্যালটি” এর অর্থ কোনো সাহিত্য, শৈল্পিক বা বৈজ্ঞানিক গ্রন্থস্বত্ব ও এর অন্তর্ভুক্ত সিনেম্যাটোগ্রাফ ফিল্ম, বেতার ও টেলিভিশন প্রচারকার্যে ব্যবহৃত ফিল্ম বা টেপসহ বা জনস্বার্থে প্রচারার্থে স্যাটেলাইট, ক্যাবলস, অপটিক্যাল ফাইবার বা অনুরূপ প্রযুক্তির মাধ্যমে সম্প্রচার, চৌম্বকিয় টেপ, ডিস্ক বা লেজার ডিস্ক (সফটওয়্যার), কোনো পেটেন্ট, ট্রেড মার্ক, নকসা, মডেল, পরিকল্পনা, গোপন ফর্মূলা বা প্রক্রিয়া অথবা শিল্প, কৃষি বাণিজ্য বা বিজ্ঞান বিষয়ক তথ্য, কারিগরী সহায়তা এবং অনুচ্ছেদ ১৪ ও ১৫ তে উল্লিখিত সেবা এবং ব্যক্তি ব্যতিরেকে সেবা প্রদানের বিনিময়ে প্রাপ্ত যে কোনো প্রকার অর্থ।

৪। যদি রয়্যালটি গ্রহীতা চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের অধিবাসী হইয়া চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে যে রাষ্ট্রে সুদের উৎপত্তি হইয়াছে সেই রাষ্ট্রে অবস্থিত কোনো স্থায়ী প্রতিষ্ঠানের মাধ্যমে উক্ত রাষ্ট্রে ব্যবসা পরিচালনা করেন অথবা উক্ত অপর রাষ্ট্রে যেখানে অবস্থিত কোনো স্থায়ী স্থাপনার মাধ্যমে স্বতন্ত্র ব্যক্তিগত সার্ভিস পরিচালনা করেন এবং যে রয়্যালটি প্রদত্ত হয় উহা যদি—

(ক) স্থায়ী স্থাপনা বা কেন্দ্রের সাথে সম্পর্কযুক্ত হয়; অথবা

(খ) অনুচ্ছেদ ৭, প্যারা-১ এর দফা (গ) এর সাথে সম্পর্কযুক্ত হয়, তাহা হইলে প্যারা-১ ও ২ এর বিধানাবলী প্রযোজ্য হইবে না। এইরূপ ক্ষেত্রে অনুচ্ছেদ ৭ অথবা অনুচ্ছেদ ১৪ এর বিধানাবলী প্রযোজ্য হইবে।

৫। চুক্তি সম্পাদনকারী কোনো রাষ্ট্রে রয়্যালটি তখনই উদ্ধৃত হইয়াছে বলিয়া গণ্য হইবে যখন দাতা উক্ত রাষ্ট্রের নিবাসী হন। যে ক্ষেত্রে, যে ব্যক্তি রয়্যালটি পরিশোধ করিতেছেন তিনি চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী হন বা না হন, চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রে অবস্থিত রয়্যালটি পরিশোধের দায় সৃষ্টি হওয়ার সংগে জড়িত কোনো স্থায়ী প্রতিষ্ঠান বা নির্দিষ্ট কেন্দ্র থাকিলে এবং উক্ত রয়্যালটি উক্ত স্থায়ী প্রতিষ্ঠান বা নির্দিষ্ট কেন্দ্র বহন করে, সেই ক্ষেত্রে উক্ত রয়্যালটি চুক্তি সম্পাদনকারী যে রাষ্ট্রে স্থায়ী প্রতিষ্ঠান বা নির্দিষ্ট কেন্দ্র অবস্থিত উক্ত রাষ্ট্রে উদ্ধৃত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

৬। রয়্যালটি প্রদানকারী ও রয়্যালটি সুবিধা লাভের অধিকারী অথবা তাহাদের উভয় ও অপর কোনো ব্যক্তির মধ্যে বিশেষ সম্পর্কহেতু যে ব্যবহার, অধিকার অথবা তথ্য বাবদ রয়্যালটি প্রদান করা হয় তৎপ্রতি লক্ষ্য রাখিয়া প্রদত্ত রয়্যালটির পরিমাণ, অনুরূপ সম্পর্কের অবর্তমানে উহা প্রদানকারী ও উহার সুবিধা লাভের অধিকারীর সম্মতিক্রমে স্থিরকৃত পরিমাণ অপেক্ষা অধিক হইলে, এই অনুচ্ছেদের বিধানাবলী কেবল শেষোক্ত পরিমাণের ক্ষেত্রে প্রযোজ্য হইবে। এইরূপ ক্ষেত্রে এই চুক্তির অন্যান্য বিধানের প্রতি লক্ষ্য রাখিয়া চুক্তি সম্পাদনকারী প্রত্যেক রাষ্ট্রের স্বীয় আইন অনুযায়ী প্রদত্ত অর্থের অতিরিক্ত অর্থের উপর কর আরোপ করা হইবে।

অনুচ্ছেদ ১৩

মূলধনী মুনাফা

১। চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসীর চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে অবস্থিত অনুচ্ছেদ ৬ এ বর্ণিত স্থাবর সম্পত্তি হস্তান্তরের ফলে উদ্ধৃত মুনাফার উপর কর চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে আরোপ করা যাইবে।

২। চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের কোনো উদ্যোগের মালিকানাধীন চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রে অবস্থিত কোনো স্থায়ী প্রতিষ্ঠানের কারবারী সম্পত্তির অংশবিশেষ বলিয়া গণ্য এমন কোনো অস্থাবর সম্পত্তি হস্তান্তরের মাধ্যমে অথবা পেশাগত কার্যাদি সম্পাদনের উদ্দেশ্যে চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসীর মালিকানাধীন চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে অবস্থিত কোনো নির্দিষ্ট কেন্দ্রের সহিত সংশ্লিষ্ট কোনো অস্থাবর সম্পত্তি হস্তান্তরের মাধ্যমে অর্জিত মুনাফা, এবং এইরূপ স্থায়ী প্রতিষ্ঠান (এককভাবে বা সমগ্র উদ্যোগ একত্রে) হস্তান্তরের মাধ্যমে অথবা উক্ত নির্দিষ্ট কেন্দ্র হস্তান্তরের মাধ্যমে অর্জিত মুনাফা উক্ত অপর রাষ্ট্রে করযোগ্য হইবে।

৩। আন্তর্জাতিক পরিবহণে পরিচালিত জাহাজ বা বিমান বা এইরূপ জাহাজ বা বিমান পরিবহণের সহিত সংশ্লিষ্ট অস্থাবর সম্পত্তি হস্তান্তর হইতে মুনাফা চুক্তি সম্পাদনকারী যে রাষ্ট্রে উদ্যোগের কার্যকর ব্যবস্থাপনার স্থান অবস্থিত সেই রাষ্ট্রে করযোগ্য হইবে।

৪। চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রে অবস্থিত স্থাবর কোম্পানির মূলধনী স্টকের শেয়ার হস্তান্তর এই অনুচ্ছেদে বর্ণিত সম্পত্তি ও পরিসম্পদ ব্যতিরেকে, অন্য কোনো মূলধনী মুনাফা যেই রাষ্ট্রে উদ্ভূত হইবে, সেই রাষ্ট্রেই করযোগ্য হইবে।

৫। এই অনুচ্ছেদের দফা ১, ২, ৩ ও ৪ এ উল্লিখিত সম্পত্তি ব্যতীত অন্য কোনো সম্পত্তি হস্তান্তরের মাধ্যমে অর্জিত মুনাফা সম্পত্তি হস্তান্তরকারী চুক্তি সম্পাদনকারী যেই রাষ্ট্রের নিবাসী কেবল সেই রাষ্ট্রেই করযোগ্য হইবে।

অনুচ্ছেদ ১৪

স্বতন্ত্র ব্যক্তিগত কার্যাদি

১। পেশাগত কার্যাদি অথবা একই প্রকৃতির অন্যান্য স্বতন্ত্র কার্যাবলী বাবদ চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী কর্তৃক অর্জিত আয় উক্ত রাষ্ট্রে করযোগ্য হইবে। ইহা সত্ত্বেও নিম্নবর্ণিত দুইটি ক্ষেত্রে অনুরূপ আয় চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রেও করযোগ্য হইবে :

(ক) যদি চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে উক্ত ব্যক্তির কার্যসম্পাদনের উদ্দেশ্যে তাহার নিয়মিত ব্যবহার্য কোন নির্দিষ্ট কেন্দ্র থাকে। এই ক্ষেত্রে আয়ের যতটুকু অংশ উক্ত কেন্দ্রের সহিত সম্পর্কযুক্ত ততটুকু অপর রাষ্ট্রে করযোগ্য হইবে; অথবা

(খ) যদি চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে সংশ্লিষ্ট অর্থ বছরের শুরু বা শেষ হয় এইরূপ ১২ মাস সময় ব্যপ্তিতে তাহার অবস্থান সর্বসাকুল্যে ১৮৩ দিন বা উহার অধিক হয়; সেই ক্ষেত্রে আয়ের চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে পরিচালিত কার্যক্রমের সাথে জড়িত অংশটুকুই চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে করযোগ্য হইবে।

২। “পেশাগত কার্যাদি” অর্থ বিশেষভাবে বিজ্ঞান, শিল্প প্রয়োগিক, শিক্ষা অথবা শিক্ষাদান বিষয়ক স্বতন্ত্র কার্যাদি এবং চিকিৎসক, আইনজীবী, প্রকৌশলী, স্থপতি, দন্তচিকিৎসক ও হিসাবরক্ষকের স্বতন্ত্র কার্যাবলীও ইহার অন্তর্ভুক্ত হইবে।

অনুচ্ছেদ ১৫

নির্ভরশীল ব্যক্তিগত কার্যাদি

১। অনুচ্ছেদ ১৬, ১৮, ১৯, ২০ এবং ২১ এর বিধানবলী সাপেক্ষে চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী কর্তৃক সম্পাদিত কর্ম হইতে প্রাপ্ত বেতন ও অনুরূপ অন্যান্য পারিশ্রমিক উক্ত রাষ্ট্রেই করযোগ্য হইবে, যদি উক্ত কার্য অপর রাষ্ট্রে সম্পাদিত না হয়। উহা হইতে অর্জিত পারিশ্রমিক উক্ত অপর রাষ্ট্রেই করযোগ্য হইবে যদি কার্য চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে সম্পাদিত হয়।

২। প্যারা ১ এ যাহা কিছুই থাকুক না কেন, চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী কর্তৃক চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে সম্পাদিত কোন কার্য হইতে প্রাপ্ত পারিশ্রমিক কেবলমাত্র প্রথমোক্ত রাষ্ট্রেই করযোগ্য হইবে, যদি :

- (ক) প্রাপক উক্ত রাষ্ট্রে সংশ্লিষ্ট অর্থ বৎসরে অনধিক সর্বমোট ১৮৩ দিনের মেয়াদ বা মেয়াদসমূহের জন্য অবস্থান করিয়া থাকেন; এবং
- (খ) উক্ত অপর রাষ্ট্রের নিবাসী নহেন এইরূপ কোন নিয়োগকর্তা কর্তৃক অথবা তাহার পক্ষে উক্ত পারিশ্রমিক প্রদান করা হয়; এবং
- (গ) নিয়োগকর্তার মালিকানাধীন অপর রাষ্ট্রে অবস্থিত কোন স্থায়ী প্রতিষ্ঠান বা নির্দিষ্ট কেন্দ্র কর্তৃক পারিশ্রমিক বহন না হইয়া থাকে।

৩। এই অনুচ্ছেদের পূর্ববর্তী বিধানাবলিতে যাহা কিছুই থাকুক না কেন, আন্তর্জাতিক গমনাগমনে পরিচালিত কোন জাহাজ বা বিমানে চাকুরী হইতে অর্জিত পারিশ্রমিক চুক্তি সম্পাদনকারী সেই রাষ্ট্রেই করযোগ্য হইবে যেই রাষ্ট্রে উক্ত উদ্যোগের কার্যকর ব্যবস্থাপনা কেন্দ্র অবস্থিত।

অনুচ্ছেদ ১৬

পরিচালকগণের ফিস এবং উচ্চ পদস্থ ব্যবস্থাপকীয় কর্মকর্তাদের পারিশ্রমিক

১। চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের কোন নিবাসী চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের নিবাসী কোন কোম্পানীর পরিচালকমন্ডলী বা তত্ত্বাবধায়ক বা অনুরূপ কোন বোর্ডের সদস্যরূপে অর্জিত পরিচালকের ফিস বা অনুরূপ অর্থ উক্ত অপর রাষ্ট্রে করযোগ্য হইবে।

২। চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের কোন নিবাসী চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের নিবাসী কোন কোম্পানীর উচ্চ পদস্থ ব্যবস্থাপকীয় কর্মকর্তারূপে অর্জিত বেতন, মজুরি এবং অনুরূপ পারিশ্রমিক অপর রাষ্ট্রে করযোগ্য হইবে।

অনুচ্ছেদ ১৭

শিল্পী ও ক্রীড়াবিদ

১। এই চুক্তির অনুচ্ছেদ ১৪ ও ১৫ এর বিধানাবলিতে যাহা কিছুই থাকুক না কেন, নাট্য, চলচ্চিত্র, বেতার বা টেলিভিশন শিল্পী বা সংগীতের ন্যায় চিত্রবিনোদনকারী অথবা ক্রীড়াবিদ হিসাবে সম্পাদিত ব্যক্তিগত কার্যাবলি ও ক্রীড়া নৈপুণ্য প্রদর্শনের মাধ্যমে অর্জিত আয় চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে করযোগ্য হইবে।

২। যে ক্ষেত্রে কোন চিত্রবিনোদনকারী অথবা ক্রীড়াবিদ কর্তৃক ব্যক্তিগত ক্রীড়া নৈপুণ্য প্রদর্শনের বিনিময়ে অর্জিত আয় তাহার নিজের কাছে জমা না হইয়া অন্য কোন ব্যক্তির নিকট জমা হয়, সে ক্ষেত্রে উক্ত আয় অনুচ্ছেদ ৭, ১৪ ও ১৫ এর বিধানাবলিতে যাহা কিছুই থাকুক না কেন, চুক্তি সম্পাদনকারী যে রাষ্ট্রে চিত্রবিনোদনকারী কিংবা ক্রীড়াবিদের অনুরূপ ক্রীড়া নৈপুণ্য প্রদর্শিত হয় সেই রাষ্ট্রে করযোগ্য হইবে।

৩। চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী কর্তৃক চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে দফা ১ ও ২ এ বর্ণিত কার্যক্রম হইতে অর্জিত আয় চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে কর আরোপ হইতে অব্যাহতিপ্রাপ্ত হইবে, যদি চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে উক্ত ভ্রমণ সম্পূর্ণ বা প্রধানত: প্রথমোক্ত চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রের সরকার অথবা উহার কোন স্থানীয় কর্তৃপক্ষের অর্থায়নে অথবা চুক্তি সম্পাদনকারী উভয় রাষ্ট্রের সরকারের মধ্যে সাংস্কৃতিক চুক্তি বা এই জাতীয় কোন ব্যবস্থার মাধ্যমে সম্পাদিত হয়।

অনুচ্ছেদ ১৮

অবসর ভাতা, বার্ষিক বৃত্তি এবং সামাজিক নিরাপত্তা

১। অনুচ্ছেদ ১৯ এর দফা ২ এর বিধানাবলি সাপেক্ষে, চুক্তি সম্পাদনকারী কোন রাষ্ট্রের নিবাসী কর্তৃক প্রদত্ত পেনশন, বার্ষিক বৃত্তি এবং চাকুরী শেষে অতীত চাকুরী বিবেচনায় প্রদত্ত অনুরূপ অন্যান্য ভাতাদি কেবল চুক্তি সম্পাদনকারী উক্ত রাষ্ট্রেই করযোগ্য হইবে।

২। চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রের সরকার বা উহার রাজনৈতিক বিভাগ বা স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক পূর্ববর্তী নিয়োগের বিবেচনায় পরিশোধিত অবসর ভাতা এবং বার্ষিক বৃত্তি বা অন্য সাময়িক বা ঘটনা স্বাপেক্ষে পরিশোধ উক্ত রাষ্ট্রে করযোগ্য হইবে।

৩। প্যারা ১ এ যাহাই থাকুক না কেন, চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রের সামাজিক নিরাপত্তা আইনের অধীনে অবসর ভাতা এবং অন্য কোন পরিশোধ করা হইয়া থাকিলে তাহা শুধুমাত্র উক্ত চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রে করযোগ্য হইবে।

অনুচ্ছেদ ১৯

সরকারি চাকুরী

১। (ক) বেতন, মজুরি এবং একইরূপ অন্যান্য ভাতা, অবসর ভাতা ব্যতীত, চুক্তি সম্পাদনকারী কোন রাষ্ট্রে বা উহার স্থানীয় কর্তৃপক্ষের অধীন চাকুরীর কারণে চুক্তি সম্পাদনকারী উক্ত রাষ্ট্রে বা উহার স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত হইলে, উহা কেবলমাত্র চুক্তি সম্পাদনকারী উক্ত রাষ্ট্রেই করযোগ্য হইবে।

(খ) যাহা হউক, এইরূপ বেতন, মজুরি এবং একইরূপ অন্যান্য ভাতা কেবল চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে করযোগ্য হইবে, যদি চাকুরী উক্ত অপর রাষ্ট্রে হয় এবং উক্ত ব্যক্তি চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের এইরূপ নিবাসী যিনি :

(অ) চুক্তি সম্পাদনকারী উক্ত রাষ্ট্রের নাগরিক; অথবা

(আ) কেবল চাকুরীর কারণে চুক্তি সম্পাদনকারী উক্ত রাষ্ট্রের নাগরিক হইতে পারেন নাই।

২। (ক) চুক্তি সম্পাদনকারী কোন রাষ্ট্রে, রাজনৈতিক উপ-বিভাগ অথবা কোন স্থানীয় কর্তৃপক্ষের অধীন চাকুরীর কারণে উক্ত রাষ্ট্রে বা উহার স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক অথবা উহার দ্বারা গঠিত তহবিল হইতে পরিশোধিত অবসর ভাতা চুক্তি সম্পাদনকারী উক্ত রাষ্ট্রে করযোগ্য হইবে।

(খ) যাহা হউক, এইরূপ অবসর ভাতা কেবল চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে করযোগ্য হইবে যদি উক্ত ব্যক্তি চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের নিবাসী এবং নাগরিক হন।

৩। চুক্তি সম্পাদনকারী কোন রাষ্ট্র, রাজনৈতিক উপ-বিভাগ বা উহার কোন স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক পরিচালিত কোন কারবারে কার্য সম্পাদনের জন্য বেতন, মজুরি এবং একইরূপ অন্যান্য ভাতা এবং অবসর ভাতার ক্ষেত্রে অনুচ্ছেদ ১৫, ১৬, ১৭ এবং ১৮ এর বিধানাবলি প্রযোজ্য হইবে।

অনুচ্ছেদ ২০

ছাত্র ও শিক্ষানবিশ

১। চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রে ভ্রমণের পূর্বে চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে নিবাসী আছেন বা ছিলেন এরূপ কোন ছাত্র বা ব্যবসায়ী শিক্ষানবিশ যিনি প্রথমোক্ত চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রে কেবল তাহার শিক্ষা বা প্রশিক্ষণের জন্য উপস্থিত আছেন, তিনি তাহার আবাসন খরচ, শিক্ষা বা প্রশিক্ষণের জন্য কোন অর্থ প্রাপ্ত হইলে উক্ত অর্থের উপর প্রথমোক্ত চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রে তাহার প্রথম আগমনের তারিখ হইতে অনধিক ৫ বছরের জন্য কর আরোপ করা যাইবে না, তবে শর্ত থাকে যে, এইরূপ অর্থ পরিশোধ চুক্তি সম্পাদনকারী উক্ত রাষ্ট্রের বহির্ভূত কোন উৎস হইতে উদ্ধৃত হইবে।

২। অনুদান, বৃত্তি এবং প্যারা ১ এ অন্তর্ভুক্ত নহে এইরূপ নিয়োগ হইতে উদ্ধৃত পারিশ্রমিকের ক্ষেত্রে, প্যারা-১ এ বর্ণিত ছাত্র বা ব্যবসায়ী শিক্ষানবিশ সংশ্লিষ্ট ভ্রমণের উদ্দেশ্যে অপর রাষ্ট্রে তাহার আগমনের তারিখ হইতে এইরূপ শিক্ষা বা প্রশিক্ষণ সময়কাল পর্যন্ত তিনি যে দেশে ভ্রমণ করিতেছেন সেই দেশের নাগরিকদের জন্য প্রযোজ্য করের উপর অব্যাহতি, রেয়াত অথবা হ্রাসকৃত করের সুবিধা প্রাপ্ত হইবেন।

অনুচ্ছেদ ২১

শিক্ষক এবং গবেষক

১। কোন ব্যক্তি যদি চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের সরকার, কোন বিশ্ববিদ্যালয়, শিক্ষা প্রতিষ্ঠান বা কোন অমুনাফাভোগী সাংস্কৃতিক প্রতিষ্ঠান বা কোন সাংস্কৃতিক বিনিময় কার্যক্রমের অধীনে আমন্ত্রণক্রমে মূলত উক্ত প্রতিষ্ঠানে শিক্ষা প্রদান, মুক্ত আলোচনায় অংশগ্রহণ বা গবেষণা কার্য পরিচালনার উদ্দেশ্যে উক্ত অপর রাষ্ট্রে ভ্রমণ করেন এবং তিনি যদি চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে ভ্রমণের অব্যবহিত পূর্বে চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রে নিবাসী ছিলেন বা আছেন তাহা হইলে চুক্তি সম্পাদনকারী প্রথম রাষ্ট্রে অনধিক ২ বৎসর মেয়াদের জন্য এরূপ কার্যক্রম বাবদ প্রাপ্ত পারিশ্রমিক করমুক্ত থাকিবে। তবে শর্ত থাকে যে, এইরূপ পারিশ্রমিক চুক্তি সম্পাদনকারী উক্ত রাষ্ট্রের বহিঃউৎস হইতে উদ্ধৃত হইতে হইবে।

২। জনস্বার্থ ব্যতিরেকে কেবল কোন নির্দিষ্ট ব্যক্তি বা ব্যক্তিবর্গের সুবিধার জন্য গৃহীত গবেষণা কার্যক্রম হইতে উদ্ধৃত পারিশ্রমিকের ক্ষেত্রে প্যারা-১ এর বিধান প্রযোজ্য হইবে না।

অনুচ্ছেদ ২২

অন্যান্য আয়

১। চুক্তি সম্পাদনকারী কোন রাষ্ট্রের কোন নিবাসীর এইরূপ কোন আয় যাহা এই চুক্তির পূর্ববর্তী অনুচ্ছেদসমূহে উল্লেখ করা হয় নাই, উহা যেখানেই উদ্ধৃত হউক না কেন, কেবল উক্ত রাষ্ট্রেই করযোগ্য হইবে।

২। দফা-১ এর বিধান অনুচ্ছেদ ৬ এর দফা ২ এ সংজ্ঞায়িত স্থাবর সম্পত্তি হইতে আয় ব্যতীত অন্য কোন আয়ের উপর প্রযোজ্য হইবে না, যদি সেই আয়ের প্রাপক চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী হইয়া চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে অবস্থিত কোন নির্দিষ্ট কেন্দ্রের মাধ্যমে স্বতন্ত্র ব্যক্তিগত কার্যাদি করেন এবং যে অধিকার বা সম্পদের জন্য আয় পরিশোধ করা হয়, উহা উক্ত স্থায়ী প্রতিষ্ঠান বা নির্দিষ্ট কেন্দ্রের সংগে কার্যকরভাবে সম্পর্কযুক্ত। এইরূপ ক্ষেত্রে অনুচ্ছেদ-৭ অথবা অনুচ্ছেদ-১৪ এর বিধানাবলি প্রযোজ্য হইবে।

৩। দফা ১ এবং ২ এর বিধানাবলিতে যাহাই থাকুন না কেন, এই চুক্তির পূর্ববর্তী অনুচ্ছেদসমূহে উল্লেখ করা হয় নাই, চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রের কোন নিবাসীর এইরূপ যে কোন আয়, চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে উদ্ভূত হইলে, উহা উক্ত চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে করযোগ্য হইবে।

অনুচ্ছেদ ২৩

দ্বৈত করারোপণ পরিহার

১। চুক্তি সম্পাদনকারী উভয় রাষ্ট্রের কোন নিবাসীর চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে প্রাপ্ত আয়, যাহা এই চুক্তির বিধান অনুযায়ী চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে করযোগ্য, এই অনুচ্ছেদের প্যারা-২ এর বিধানের লংঘন না করিয়া চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে পরিশোধিত করের সমপরিমাণ অংক প্রথমোক্ত রাষ্ট্রে উক্ত নিবাসীর আয়ের জন্য প্রযোজ্য কর হইতে কর্তন করিতে হইবে। তবে এইরূপ বিয়োজন উহা উক্তরূপ গণনা করিবার পূর্বে চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের উদ্ভূত আয়ের উপর আরোপণীয় করের অধিক হইতে পারিবে না।

২। প্যারা ১ এর বিধানাবলি প্রয়োগের জন্য চুক্তি সম্পাদনকারী দুই রাষ্ট্রের কোন একটির জাতীয় আইন অনুসারে একটি নির্দিষ্ট সময়ের জন্য অব্যাহতিযোগ্য বা কর্তনযোগ্য কর প্রকৃত পরিশোধ হিসাবে গণ্য করিতে হইবে যেমন চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্র কর্তৃক ঐ আয়ের উপর আরোপিত কর হইতে ইহা বিয়োজন করিতে হয়।

৩। যে ক্ষেত্রে এই চুক্তির যে কোন বিধানের আওতায় চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রের কোন নিবাসীর আয় যদি উক্ত রাষ্ট্রে করমুক্ত হিসাবে বিবেচিত হয়, সেই ক্ষেত্রে এইরূপ রাষ্ট্র উক্ত নিবাসীর অবশিষ্ট আয়ের উপর আরোপণীয় কর নিরূপণ পর্যায়ে করমুক্ত আয়কে বিবেচনায় গ্রহণ করিবে না।

অনুচ্ছেদ ২৪

অবৈষম্য

১। চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের নাগরিকগণ যেরূপ পরিস্থিতিতে কোন কর ও তৎসংশ্লিষ্ট প্রয়োজনের আওতাধীন হইয়া থাকেন বা হইতে পারেন, সেইরূপ পরিস্থিতিতে চুক্তি সম্পাদনকারী উক্ত অপর রাষ্ট্রের নাগরিকগণ প্রথমোক্ত রাষ্ট্রে ভিন্নতর বা অধিকতর দূর্বহ কোন কর বা তৎসংশ্লিষ্ট কোন প্রয়োজনের আওতাধীন হইবে না। অনুচ্ছেদ-১ এর বিধানাবলিতে যাহা কিছুই থাকুক না কেন, এই প্যারার বিধান চুক্তি সম্পাদনকারী একটি বা উভয় রাষ্ট্রের নিবাসী নহে এইরূপ ব্যক্তির প্রতিও প্রযোজ্য হইবে।

২। রাষ্ট্রবিহীন ব্যক্তিগণ যাহারা কোন চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রের নিবাসী তাহারা যে কোন চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রের নাগরিকদের ন্যায় আবাসিক মর্যাদার কারণে করারোপণ বা তৎসম্পর্কিত কোন কার্যক্রম যাহা করারোপণ ও সম্পর্কযুক্ত কার্যক্রম অপেক্ষা অধিক ভারমুক্ত হয় তাহার সম্মুখীন হইবেন না।

৩। চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের কোন উদ্যোগ-এর কোন স্থায়ী প্রতিষ্ঠান চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে অবস্থিত থাকিয়া উক্ত অপর রাষ্ট্রের কোন উদ্যোগের ন্যায় একই ধরনের কার্যাবলি পরিচালনা করিতে থাকিলে উক্ত উদ্যোগের উপর ধার্যযোগ্য কর উক্ত অপর রাষ্ট্রের উদ্যোগের উপর আরোপিত করের ন্যায় সমদৃষ্টিভঙ্গী লইয়া আরোপণ করিতে হইবে। এই অনুচ্ছেদের কোন কিছু চুক্তি সম্পাদনকারী একটি রাষ্ট্র ইহার নিজ নিবাসীকে বেসামরিক মর্যাদা বা পারিবারিক দায়িত্বের কারণে করারোপণের উদ্দেশ্যে যে ব্যক্তিগত ভাতা, সাহায্য এবং হ্রাস মঞ্জুর করিয়া থাকে উহা চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের অধিবাসীকে প্রদানের জন্য উক্ত রাষ্ট্রকে বাধ্য করিতেছে বলিয়া বুঝাইবে না।

৪। যেই ক্ষেত্রে অনুচ্ছেদ ৯ এর প্যারা ১, অনুচ্ছেদ ১১ এর প্যারা ৭ অথবা অনুচ্ছেদ ১২ এর প্যারা ৬ এর বিধানাবলি প্রযোজ্যক্ষেত্রে ব্যতীত, চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের কোন উদ্যোগ কর্তৃক চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে কেবল নিবাসীকে প্রদত্ত সুদ, রয়্যালটি ও অন্যান্য প্রাপ্য অর্থাদি অনুরূপ উদ্যোগের মুনাফা নির্ধারণের উদ্দেশ্যে প্রথমোক্ত রাষ্ট্রের কোন নিবাসীকে একই অবস্থার প্রেক্ষিতে উহা প্রদত্ত হইলে যেই রূপ নির্ধারণ করা হইত সেই একইরূপে নির্ধারণ করা হইবে।

৫। চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের উদ্যোগসমূহ এর সমুদয় পুঁজি বা উহার অংশ বিশেষ চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে এক বা একাধিক অনিবাসীর প্রত্যক্ষ বা পরোক্ষ মালিকানাধীন বা নিয়ন্ত্রণাধীন হইলে প্রথমোক্ত রাষ্ট্রের এইরূপ অন্যান্য উদ্যোগ যে কর অথবা তৎসংশ্লিষ্ট প্রয়োজনের আওতাধীন হইয়া থাকেন বা হইতে পারেন প্রথমোক্ত রাষ্ট্রের সেই সকল উদ্যোগ ভিন্নতর বা অধিকতর দূর্বল কর বা তৎসংশ্লিষ্ট প্রয়োজনের আওতাধীন হইবে না।

৬। অনুচ্ছেদ ২ এর বিধান যাহাই হউক না কেন, এই অনুচ্ছেদের “করারোপণ” অর্থ এই চুক্তির আওতাধীন করসমূহ বুঝাইবে।

অনুচ্ছেদ ২৫

পারস্পরিক চুক্তির কার্যপদ্ধতি

১। যে ক্ষেত্রে কোন ব্যক্তি মনে করেন যে, চুক্তি সম্পাদনকারী এক বা উভয় রাষ্ট্রের গৃহীত ব্যবস্থার ফলে তাহার উপর এই চুক্তির বিধানাবলি পরিপন্থী করারোপণ করা হইয়াছে অথবা হইবে, সে ক্ষেত্রে চুক্তি সম্পাদনকারী সকল রাষ্ট্রের জাতীয় আইনের দ্বারা বা স্থিত প্রতিকার সত্ত্বেও প্রতিকারের প্রতি বিরূপ মনোভাব পোষণকারী তিনি চুক্তি সম্পাদনকারী যে রাষ্ট্রের অনিবাসী সেই রাষ্ট্রের উপযুক্ত কর্তৃপক্ষের নিকট অথবা যদি তাহার বিষয়ে অনুচ্ছেদ ২৪ এর প্যারা ১ এর আওতাধীন হয় তাহা হইলে চুক্তি সম্পাদনকারী যে রাষ্ট্রের তিনি নাগরিক সেই রাষ্ট্রের উপযুক্ত কর্তৃপক্ষের নিকট তাহার বিষয়টি পেশ করিতে পারিবেন।

২। যদি আপত্তিটি উপযুক্ত কর্তৃপক্ষের নিকট ন্যায়সংগত বলিয়া প্রতীয়মান হয় এবং যদি উক্ত কর্তৃপক্ষ স্বয়ং উহার সুষ্ঠু সমাধানে উপনীত হইতে অপারগ হন, তাহা হইলে এই চুক্তির বরখেলাপে আরোপিত করারোপণ পরিহারের উদ্দেশ্যে উক্ত চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের উপযুক্ত কর্তৃপক্ষের সহিত পারস্পরিক চুক্তির মাধ্যমে বিষয়টি নিষ্পত্তি করিবার প্রচেষ্টা চালাইবেন। কোন বিষয় সম্পর্কে মতৈক্য হইলে উহা চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রসমূহের নিজ নিজ আইন অনুযায়ী সময়সীমা সত্ত্বেও বাস্তবায়ন করা হইবে।

৩। এই চুক্তির ব্যাখ্যায় অর্থ বা প্রয়োগে কোন জটিলতা বা সংশয়ের ক্ষেত্রে চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রসমূহের উপযুক্ত কর্তৃপক্ষগণ পারস্পরিক মতৈক্যের ভিত্তিতে উহা নিরূপণের জন্য প্রচেষ্টা চালাইবেন।

৪। চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রসমূহের উপযুক্ত কর্তৃপক্ষগণ এই চুক্তির পূর্ববর্তী প্যারাসমূহের আলোকে মতৈক্যে উপনীত হওয়ার উদ্দেশ্যে পরস্পরের সহিত সরাসরি যোগাযোগ করিতে পারিবেন। মৌখিক মত বিনিময়ের লক্ষ্যে যখন মতৈক্যে উপনীত হওয়া সমীচীন মনে হইবে, তখন চুক্তি সম্পাদনকারী দেশের উপযুক্ত কর্তৃপক্ষের প্রতিনিধিগণের সমন্বয়ে গঠিত মত বিনিময়ের জন্য বৈঠক করিতে পারিবেন।

অনুচ্ছেদ ২৬

তথ্য বিনিময়

১। চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রসমূহের উপযুক্ত কর্তৃপক্ষগণ এই চুক্তির বিধানাবলি পালন অথবা এই চুক্তির বিধানাবলির সহিত সঙ্গতিপূর্ণ উক্ত চুক্তির আওতাভুক্ত করসমূহ বিশেষত কর জালিয়াতী এবং কর ফাঁকি সংক্রান্ত বিষয়াবলি, চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রসমূহের নিজ নিজ দেশের আইন প্রয়োগের জন্য তথ্য বিনিময় করিবেন। চুক্তি সম্পাদনকারী কোন রাষ্ট্র কর্তৃক প্রাপ্ত তথ্য উক্ত রাষ্ট্রের নিজস্ব আইন অনুযায়ী সংগৃহীত তথ্য যেইরূপ গোপন বলিয়া বিবেচিত হয় সেইরূপ গোপন বলিয়া বিবেচিত হইবে এবং কেবল এই চুক্তির আওতাধীন করসমূহের নির্ধারণ অথবা আদায়, প্রয়োগ অথবা বিচার, আপিল নির্ধারণের সহিত জড়িত ব্যক্তি বা কর্তৃপক্ষগণের (আদালত এবং প্রশাসনিক কর্তৃপক্ষ অন্তর্ভুক্ত) নিকটেই শুধু প্রকাশ করা যাইবে। এইরূপ ব্যক্তি বা কর্তৃপক্ষগণ এইরূপ তথ্য কেবল ঐ কার্যক্রমের জন্যই ব্যবহার করিবেন। তবে তাহারা এইরূপ তথ্য গণআদালতের রায় বা বিচারকের সিদ্ধান্তে প্রকাশ করিতে পারিবেন।

২। নিম্নলিখিত ক্ষেত্রে দফা ১ এর বিধানাবলি চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের উপর বাধ্যবাধকতা আরোপ করিতেছে বলিয়া কোন অবস্থাতেই ব্যাখ্যা করা যাইবে না :

- (ক) চুক্তি সম্পাদনকারী উক্ত রাষ্ট্র বা অন্য রাষ্ট্রের আইনসমূহের অথবা প্রশাসনিক রীতির পরিপন্থী কোন প্রশাসনিক ব্যবস্থা কার্যকর করা;
- (খ) চুক্তি সম্পাদনকারী উক্ত রাষ্ট্রের বা অন্য রাষ্ট্রের আইনসমূহের অধীনে অথবা স্বাভাবিক প্রশাসনিক কার্যক্রম অনুযায়ী প্রাপ্য নহে উহা সরবরাহ করা;
- (গ) কোন বাণিজ্য, ব্যবসা, শিল্প, বাণিজ্য বা পেশা সংক্রান্ত গোপনীয়তা বা ব্যবসা সংক্রান্ত পদ্ধতি ফাঁস হইয়া যায় এমন কোন তথ্য সরবরাহ করা অথবা যে তথ্য প্রকাশ করা সরকারি নীতির পরিপন্থী হইতে পারে এইরূপ কোন তথ্য সরবরাহ করা।

অনুচ্ছেদ ২৭

কর আদায়ে সহায়তা

১। নিজস্ব আইন ও বিধির অনুমোদন স্বাপেক্ষে চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রসমূহ আলোচ্য চুক্তির আওতাভুক্ত কর এবং সুদ, ব্যয় ও অনুরোধকারী রাষ্ট্রের আইন ও বিধি অনুযায়ী সুনির্দিষ্টভাবে এইরূপ করসমূহ পাওনা হওয়া সত্ত্বেও পরিশোধনে বিলম্ব করিবার কারণে ধার্যকৃত জরিমানা আদায়ে একে অপরকে সহায়তা করিতে সম্মত থাকিবে।

২। এই উদ্দেশ্যে অনুরোধকারী রাষ্ট্রের দাবীকৃত কর প্রকৃতভাবে পাওনা রহিয়াছে এইরূপ দাবীর সমর্থনে উক্ত অনুরোধকারী রাষ্ট্রের আইন ও বিধি অনুযায়ী প্রয়োজনীয় দলিলপত্র সংশ্লিষ্ট অনুরোধ-পত্রের সহিত সংযুক্ত থাকিতে হইবে।

৩। প্রাপ্ত দলিলপত্রের আলোকে অনুরোধপ্রাপ্ত রাষ্ট্রের নিজস্ব কর আদায়ের জন্য প্রযোজ্য আইন ও বিধি অনুসারে কার্যব্যবস্থা গ্রহণ করা হইবে।

৪। অনুরোধপ্রাপ্ত রাষ্ট্রে কর আদায়ের অনুরোধ অধিকারপ্রাপ্ত দাবী হিসাবে পরিগণিত হবে না।

অনুচ্ছেদ ২৮

কূটনৈতিক ও বাণিজ্যিক দূতাবাসের সদস্যগণ

এই চুক্তির কোন কিছু আন্তর্জাতিক আইনের সাধারণ নিয়মাবলি অথবা বিশেষ চুক্তির বিধানাবলির আওতায় কূটনৈতিক প্রতিনিধি অথবা বাণিজ্যিক দূতাবাসের সদস্যবৃন্দকে প্রদত্ত কর সুবিধা ব্যাহত করিবে না।

অনুচ্ছেদ ২৯

বলবৎ হওয়া

১। চুক্তি অনুমোদন এবং এইরূপ অনুমোদনের দলিল যথাসম্ভব দ্রুততার সাথে বিনিময় করিতে হইবে।

২। অনুমোদনের দলিল বিনিময়ের সংগে সংগে চুক্তিটি বলবৎ হইবে এবং ইহার বিধানাবলি কার্যকর হইবে :

(ক) বাংলাদেশের ক্ষেত্রে : অনুমোদনের দলিল বিনিময়ের পরবর্তী পঞ্জিকা বৎসরের ১লা জুলাই বা তৎপরবর্তীতে আরম্ভ করযোগ্য বৎসরের জন্যে;

(খ) মরক্কোর ক্ষেত্রে :

(অ) স্থগিত উৎস কর, পরিশোধ বা সমন্বয় সম্পর্কে এই চুক্তি কার্যকর হইবার পরবর্তী ১ জানুয়ারি তারিখে বা তৎপরবর্তীতে; এবং

(আ) অন্যান্য ক্ষেত্রে, এই চুক্তির কার্যকর হওয়ার তারিখের পরবর্তী ১ জানুয়ারি বা তৎপরবর্তীতে আরম্ভ করযোগ্য বছরের জন্য।

অনুচ্ছেদ ৩০

অবসান

চুক্তি সম্পাদনকারী কোন রাষ্ট্রে এই চুক্তির অবসান না ঘটানো পর্যন্ত এই চুক্তি বলবৎ থাকিবে। চুক্তি সম্পাদনকারী যে কোন রাষ্ট্র চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রকে কূটনৈতিক কর্তৃপক্ষের মাধ্যমে যে তারিখে চুক্তিটি বলবৎ হইয়াছে সেই তারিখ হইতে পঞ্চম বৎসরের পরবর্তী যে কোন পঞ্জিকা বৎসর

শেষ হওয়ার অন্তত ছয়মাস পূর্বে নোটিশ দ্বারা চুক্তির অবসান ঘটাইতে পারিবে। এইরূপ ক্ষেত্রে চুক্তির কার্যকারিতা রহিত হইবে :

- (ক) বাংলাদেশের ক্ষেত্রে, যে বৎসর অবসানের নোটিশ প্রদান করা হয়, উহার পরবর্তী পঞ্জিকা বৎসরের ১লা জুলাই বা উহার পর হইতে আরম্ভ করযোগ্য বৎসরের জন্য;
- (খ) মরক্কোর ক্ষেত্রে -
 - (অ) স্থগিত উৎস কর পরিশোধ ও সমন্বয় সম্পর্কে এইরূপ নোটিশ প্রদানের তারিখের পরবর্তী ১ জানুয়ারি বা তৎপরবর্তীতে; এবং
 - (আ) অন্যান্য ক্ষেত্রে, এইরূপ নোটিশ প্রদানের তারিখের পরবর্তী ১ জানুয়ারি বা তৎপরবর্তীতে আরম্ভ করযোগ্য বছরের জন্য।

এই চুক্তির স্বাক্ষরস্বরূপ এতদ্বিষয়ে নিম্নস্বাক্ষরকারীগণ তাহাদের স্ব স্ব সরকার কর্তৃক যথাযথ ক্ষমতাপ্রাপ্ত হইয়া এই চুক্তি স্বাক্ষর করিয়াছেন।

এই চুক্তি অদ্য ২০১৮ সালের ফেব্রুয়ারি মাসের ২৮ তারিখে রাবাত, মরক্কো স্থানে সমভাবে নির্ভরযোগ্য বাংলা, আরবি এবং ইংরেজি ভাষায় প্রতিটি মূল দুই প্রস্থে সম্পাদিত। এই চুক্তির ব্যাখ্যার মতবিরোধের ক্ষেত্রে ইংরেজি পাঠই প্রাধান্য পাইবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পক্ষে

রাজকীয় মরক্কো সরকারের পক্ষে

আবুল হাসান মাহমুদ আলী, এম.পি
পররাষ্ট্র মন্ত্রী
পররাষ্ট্র মন্ত্রণালয়
ঢাকা

নাসের বুরিতা
পররাষ্ট্র মন্ত্রী
পররাষ্ট্র ও আন্তর্জাতিক সহযোগিতা মন্ত্রণালয়
রাবাত

(ইংরেজি পাঠ)

CONVENTION

BETWEEN

THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

AND

THE KINGDOM OF MOROCCO

**FOR THE AVOIDANCE OF DOUBLE TAXATION
AND THE PREVENTION OF FISCAL EVASION
WITH RESPECT TO TAXES ON INCOME**

The Government of the People's Republic of Bangladesh and the Government of the Kingdom of Morocco, desiring to promote and strengthen their economic relations by concluding a Convention for the Avoidance of Double Taxation and the Prevention of Fiscal Evasion with respect to taxes on income,

HAVE AGREED AS FOLLOWS:

ARTICLE 1

PERSONS COVERED

This Convention shall apply to persons who are residents of one or both of the Contracting States.

ARTICLE 2

TAXES COVERED

1. This Convention shall apply to taxes on income imposed on behalf of a Contracting State or of its political subdivisions or local authorities, irrespective of the manner in which they are levied.
2. There shall be regarded as taxes on income all taxes imposed on total income, or on elements of income, including taxes on gains from the alienation of movable or immovable property, taxes on the total amounts of wages or salaries paid by enterprises, as well as taxes on capital appreciation.
3. The existing taxes to which the Convention shall apply are in particular:
 - a) in the case of Bangladesh:
the income tax;
(hereinafter referred to as "Bangladesh tax"); and
 - b) in the case of Morocco:
 - i) the income tax; and
 - ii) the corporation tax;
(hereinafter referred to as "Moroccan tax").
4. The Convention shall apply also to any identical or substantially similar taxes which are imposed after the date of signature of the Convention in addition to, or in place of, the existing taxes. The competent authorities of the Contracting

States shall notify each other of any significant changes which have been made in their respective taxation laws.

ARTICLE 3 GENERAL DEFINITIONS

1. For the purposes of this Convention, unless the context otherwise requires:

- a) the terms "a Contracting State" and "the other Contracting State" mean Bangladesh or Morocco, as the context requires;
- b) the term "Bangladesh" means all the territory of the People's Republic of Bangladesh including the part of the seabed and its sub-soil thereof, to the extent that area in accordance with international law has been or may hereafter be designated under Bangladesh law as an area within which Bangladesh may exercise sovereign rights with respect to the exploration and exploitation of the natural resources of the seabed or its sub-soil ;
